**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/27/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল ঘোষণা করলেন

***LIIF তহবিল ও অতিরিক্ত স্টেট বিনিয়োগ লং আইল্যান্ডে লাইফ সাইন্স অর্থনীতি বিস্তৃত করতে 40 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিনিধিত্ব করে***

***সম্মিলিত 60,000 বর্গফুট রূপান্তরিত স্থানে মেডিকেল ও সংক্রামক ব্যাধির গবেষণা সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 350 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল (Long Island Investment Fund, LIIF) ফাইনস্টিন ইনস্টিটিউট ফোর মেডিকেল রিসার্চকে (The Feinstein Institutes for Medical Research) এর প্রথম অনুদান প্রদান করছে 40,000 বর্গফুটের নতুন অত্যাধুনিক ল্যাব নির্মাণের জন্য যা মেডিকেল ও সংক্রামক ব্যাধির গবেষণা সমর্থন করবে। 10 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলটি এর আগে ফাইনস্টিন ইনস্টিটিউটকে (Feinstein Institutes) এর বায়োইলেকট্রনিক মেডিসিন ইনস্টিটিউটের (Institute of Bioelectronic Medicine) 20,000 বর্গফুট আধুনিকায়ন করার জন্য প্রদত্ত অতিরিক্ত 30 মিলিয়ন মার্কিন ডলার স্টেট সমর্থনের সম্পূরক, যেটির উদ্বোধন গভর্নর হোকল আজকে করেছেন। সহায়তা হলো নাসাউ কাউন্টির ম্যানহাসেটে ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটের (Feinstein Institutes for Medical Research) 85 মিলিয়ন মার্কিন ডলারের আধুনিকায়ন প্রচেষ্টার, এবং লং আইল্যান্ডের বিকাশমান লাইফ সাইন্স শিল্পকে তুলে ধরার একটি বিস্তৃত উদ্যোগের অংশ। ফাইনস্টিন ইনস্টিটিউট নর্থওয়েল হেলথের (Northwell Health) গবেষণা শাখা এবং এটি দেশের শীর্ষ ল্যাবরেটরি এবং রিসার্চ সেন্টারগুলির একটি, যারা ব্যাধি নিরাময়ের জন্য অত্যাধুনিক গবেষণা করে থাকে।

"নিউ ইয়র্ক মেডিকেল উদ্ভাবনের পথে নেতৃত্ব দিচ্ছে, এবং লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল অত্যাধুনিক লাইফ সাইন্স শিল্পের জীবন রক্ষাকারী গবেষণাকে সমর্থন করবে," **গভর্নর হোকল বলেন।** "বায়োইলেকট্রনিক মেডিসিন ইনস্টিটিউটে আমাদের বিনিয়োগ ইতিমধ্যে নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনকে উন্নত করেছে, এবং আজকে ঘোষিত অতিরিক্ত লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল স্বাস্থ্য ও মেডিকেল রিসার্চ ক্ষেত্রে জাতীয় নেতা হয়ে থাকার আমাদের প্রতিশ্রুতিকে পুনরায় প্রতিষ্ঠা করবে। আমি ফাইনস্টিন ইনস্টিটিউট এবং তাদের গবেষণাকে

সমর্থন করতে পেরে গর্বিত, যা থেকে জীবন বদলে দেওয়ার মতো ওষুধ ও চিকিৎসা পাওয়া যাবে যা লং আইল্যান্ড ও পুরো স্টেটে নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে।"

গভর্নর হোকলের 2023 অর্থবছরের প্রণীত বাজেটের (Enacted Budget) অংশ হিসেবে অন্তর্ভুক্ত, লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলটি এমন প্রকল্পের উপর মনোযোগ দেয় যা আঞ্চলিক অর্থনীতির সমর্থন ও বিকাশ করবে, সম্প্রদায়ের উন্নয়ন করবে এবং পুরো লং আইল্যান্ডে দীর্ঘস্থায়ী অর্থনৈতিক প্রভাব ফেলবে। ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটকে তহবিল প্রদত্ত 10 মিলিয়ন মার্কিন ডলার দুইটি তলায় 26টি নতুন অত্যাধুনিক রিসার্চ ল্যাবের সংস্কার ও নির্মাণ একইসাথে 10 জন নতুন প্রধান তদন্তকারী ও 60 জন গবেষণা কর্মীর নিয়োগ সমর্থন করবে। এইসব আধুনিকায়িত ল্যাবগুলি ক্যান্সার, ডায়াবেটিস, স্থূলতা, লুপাস, এবং অন্যান্য অসুখের জন্য নভেল থেরাপি বিকাশের গবেষণা প্রচেষ্টাকে অগ্রসর করবে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল অঞ্চলটিকে লাইফ সাইন্স শিল্পের একটি পাওয়ারহাউজ হিসেবে আরো অগ্রসর করার জন্য একটি কৌশলী বিনিয়োগের প্রতিনিধিত্ব করে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ চালক। ফাইনস্টিন ইনস্টিটিউট জীবন বদলে দেওয়ার মতো মেডিকেল আবিষ্কার ও থেরাপিউটিক্সের ক্ষেত্রে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা আমাদের প্রতিদিনের জীবন বদলে দিতে পারে। ESD ফাইনস্টিন ইনস্টিটিউটের মতো স্বপ্নদ্রষ্টা লাইফ সাইন্স কোম্পানির বিকাশকে সমর্থন করতে পেরে গর্বিত, যাদের কাজ আরো স্বাস্থ্যকর ও শক্তিশালী এম্পায়ার স্টেট গঠনে অতি গুরুত্বপূর্ণ।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বোর্ড চেয়ারম্যান কেভিন ল বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক লং আইল্যান্ডের অর্থনৈতিক প্রবৃদ্ধির অনুঘটক হিসেবে কাজ করার জন্য বুদ্ধিমান বিনিয়োগ করছে। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলটি অঞ্চলটিকে সমৃদ্ধ হতে এবং বৈশ্বিক উদ্ভাবন অর্থনীতিতে নিউ ইয়র্কের নেতৃত্ব জোরদার করতে সাহায্য করবে। ফাইনস্টিন ইনস্টিটিউটকে তহবিল প্রদত্ত 10 মিলিয়ন মার্কিন ডলার বিকাশমান লাইফ সাইন্স ইকোসিস্টেমের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে পুনরায় প্রতিষ্ঠিত করবে যা সবকিছু বদলে দিতে পারে এমন মেডিকেল আবিষ্কারের অগ্রগতি সমর্থন করবে।"

ফাইনস্টিন ইনস্টিটিউট বায়োইলেকট্রনিক মেডিসিনের বৈশ্বিক বৈজ্ঞানিক বাড়ি, এটি একটি বিকাশমান বৈজ্ঞানিক ক্ষেত্র যা দেহের স্নায়বিক ব্যবস্থার মধ্যকার ইলেক্ট্রিক্যাল কর্মকাণ্ড পড়তে ও নিয়ন্ত্রণ করতে প্রযুক্তি ব্যবহার করে। বায়োইলেকট্রনিক মেডিসিন ইনস্টিটিউটের নতুন, আধুনিক ল্যাবগুলি নিরাময়ের এমন উপায়ের আবিষ্কার সমর্থন করবে যা ওষুধের প্রয়োজনীয়তা হ্রাস করবে, যন্ত্রণাদায়ক পার্শ্বপ্রতিক্রিয়া হ্রাস করবে এবং কষ্টে থাকা মানুষকে তাদের জীবন ফিরিয়ে দিবে। এর ল্যাবগুলি থেকে নতুন আবিষ্কার হয়েছে, রিউমাটয়েড আর্থ্রাইটিস, ডায়াবেটিস, প্যারালাইসিস, এবং এমনকি ক্যান্সারের মতো ব্যাধিসহ রোগীদের জন্য নতুন চিকিৎসার বিকল্প তৈরি হয়েছে। বায়োইলেকট্রনিক মেডিসিনের ক্লিনিক্যাল গবেষণা ইতিমধ্যে প্যারালাইজড মানুষদের জন্য ফলাফল নিয়ে এসেছে: ত্বকের উপরে স্পাইনাল কর্ড সিমুলেশন প্যাচ ব্যবহার

করার সাম্প্রতিক গবেষণা অংশগ্রহণকারীদের তাদের নড়াচড়া ও অনুভূতি ফেরত পাওয়ার সক্ষমতা প্রদান করেছে।

বায়োইলেকট্রনিক মেডিসিন ইনস্টিটিউটের সংস্কার কাজের মধ্যে রয়েছে ওয়েট-ল্যাব বেঞ্চ স্পেস, একাধিক টিস্যু কালচার কক্ষ, কোল্ড স্টোরেজ কক্ষ, গবেষকদের জন্য ওয়ার্কস্টেশন, এবং একটি সম্পূর্ণ নতুন বায়োসেফটি লেভেল 3 ফ্যাসিলিটি যা সংক্রামক ব্যাধির এবং কোভিড-19 এর মতো অন্যান্য জটিল ভাইরাসের নতুন গবেষণা করতে দিবে। সম্প্রসারণ এছাড়াও 13 জন নতুন প্রধান তদন্তকারী এবং 100 জন নতুন গবেষণা কর্মীর নিয়োগ সমর্থন করবে।

**ফাইনস্টিন ইনস্টিটিউটের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ কেভিন ট্রেসি বলেন,** "ফাইনস্টিন ইনস্টিটিউটে, প্রতিদিন বৈজ্ঞানিক অগ্রগতি হয়ে থাকে। যথাযথ ফ্যাসিলিটি ও যন্ত্র থাকলে, আমরা সেই অগ্রগতিকে আরো অগ্রসর হতে সাহায্য করতে পারবো। আমাদের নতুন স্থানে তাদের তহবিলের জন্য আমরা গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতি কৃতজ্ঞ, এবং আমরা আমাদের যুগান্তকারী মেডিকেল গবেষণা অব্যাহত রাখতে উন্মুখ যা আমাদের লং আইল্যান্ডের সম্প্রদায়সমূহ এবং এর বাইরেও সকলের জন্য লাভজনক হবে।"

**নর্থওয়েল হেলথের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাইকেল ডাউলিং বলেন,** "নতুন এই ফ্যাসিলিটি এবং এর সংস্থানসমূহ, যা গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কারণে সম্ভব হচ্ছে, তা নর্থওয়েলের গবেষণার স্থান এবং বায়োইলেকট্রনিক মেডিসিনের বৈশ্বিক বৈজ্ঞানিক স্থান, ফাইনস্টিন ইনস্টিটিউটে আমাদের গবেষকদেরকে ব্যাধি নিরাময়ে নতুন চিকিৎসা আবিষ্কারে তাদের মিশনকে অগ্রসর করতে এবং আমরা যেই সম্প্রদায়সমূহকে সেবাদান করি তাদের স্বাস্থ্য উন্নত করতে দিবে।"

লং আইল্যান্ড লাইফ সাইন্স শিল্পের সম্মুখসারিতে রয়েছে, যেহেতু লং আইল্যান্ডে জন্ম নেওয়া এবং লালিত হওয়া একটি নতুন বৈজ্ঞানিক ক্ষেত্র, বায়োইলেকট্রনিক মেডিসিনের নতুন গবেষণা ও আবিষ্কার সেরা ও সবথেকে মেধাবী গবেষকদের এবং বিশ্বের শীর্ষস্থানীয় কৌশলী অংশীদারদেরকে এখানে জীবন বদলে দিতে পারে এমন নিরাময় তৈরির কাজ করতে আসতে আকৃষ্ট করবে। লাইফ সাইন্স শিল্পখাত নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উদ্ভাবনের জন্য একটি শক্তিশালী ইঞ্জিন হয়ে উঠেছে, স্টেটের মুখ্য অঞ্চলগুলিকে যা গতিশীল লাইফ সাইন্স কেন্দ্রে পরিণত করছে। লাইফ সাইন্সে বিনিয়োগ করা পরবর্তী বৈজ্ঞানিক বা মেডিকেল যুগান্তকারী আবিষ্কার যা নতুন জীবন রক্ষাকারী প্রযুক্তি বিকাশ করবে তা সনাক্ত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। ফাইনস্টিন ইনস্টিটিটের বিকাশে এর সমর্থন দ্বারা, নিউ ইয়র্ক গবেষণার বাণিজ্যিকীকরণে এবং লং আইল্যান্ড ও পুরো স্টেটে একটি বিশ্বমানের লাইফ সাইন্স শিল্প বিকাশে এর সক্ষমতাকে বিস্তৃত করছে।

**লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Long Island Regional Economic Development Council, LIREDC) সহপ্রধান বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের (Bethpage Federal Credit Union) প্রধান কৌশল ও মার্কেটিং কর্মকর্তা লিন্ডা আর্মিন, এবং ফার্মিংডেল স্টেট কলেজের (Farmingdale State College) প্রেসিডেন্ট ডাঃ জন ন্যাডার বলেন,** "লং আইল্যান্ডের লাইফ সাইন্স শিল্পের সম্প্রসারণে নিউ

ইয়র্কের বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক গবেষণায় গভর্নর হোকলের সমর্থন প্রদর্শন করে যা নিউ ইয়র্কবাসীদের প্রতিদিনের জীবনকে সাহায্য করবে। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের প্রথম অর্থদান দ্বারা, LIREDC ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটকে এবং তাদের জীবন উন্নয়ন ও রক্ষার জন্য অত্যাধুনিক চিকিৎসা ও সমাধানকে সমর্থন করতে পেরে গর্বিত।"

**স্টেটের সিনেটর আনা এম. কাপলান বলেন,** "বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্ক স্টেটের করা বুদ্ধিমান বিনিয়োগের কল্যাণে, লং আইল্যান্ডের লাইফ সাইন্স শিল্পখাত বিকশিত হচ্ছে এবং সমৃদ্ধ হচ্ছে, আমাদের সম্প্রদায়ে দারুণ চাকরি নিয়ে আসছে, এবং এমন উদ্ভাবন চালনা করছে যা আমাদের পৃথিবীকে আরো উন্নত করবে। আমি এই বছরের বাজেটে লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল অন্তর্ভুক্ত করার জন্য লড়াই করেছি কারণ আমাদেরকে আমাদের সম্প্রদায়ে বুদ্ধিমান বিনিয়োগ করে যেতে হবে যা আমাদের বহু শক্তিকে কাজে লাগায় এবং আমাদের অঞ্চলকে বেসরকারি বিনিয়োগ ও চাকরি সৃষ্টিকারীদের কাছে এখানে অবস্থিত হয়ে স্থানীয়ভাবে তাদের কর্মকাণ্ড সম্প্রসারিত করার জন্য আরো আকর্ষণীয় করে তোলে। আমি অতি আনন্দিত যে, এই তহবিলের কল্যাণে, ম্যানহ্যাসেটের বিশ্বমানের ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউট তাদের বায়োইলেকট্রনিক মেডিসিন ইনস্টিটিউটকে আধুনিকায়িত করতে পারবে যারা ব্যাধি নিরাময়ে এবং বিশ্বকে বদলে দিতে দুর্দান্ত কাজ করছে।"

**অ্যাসেম্বলি সদস্য জিনা এল. সিলিটি বলেন,** "ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটের বায়োইলেকট্রনিক মেডিসিন সেন্টার মেডিকেল সম্প্রদায়ে এর অবদানের জন্য এবং আমরা কীভাবে রোগীদের চিকিৎসা প্রদান করতে থাকবো সেই পন্থার ক্ষেত্রে শীর্ষে থাকার জন্য বিশ্বে সুপরিচিত। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি আমাদের সম্প্রদায়ে এই উল্লেখযোগ্য বিনিয়োগের পক্ষে থাকার পাশাপাশি লং আইল্যান্ড যাতে মেডিকেল রিসার্চ শিল্পে একটি নেতা হয়ে থাকে তা নিশ্চিত করতে আমাদের সাহায্য করার জন্য।"

**<u>লং আইল্যান্ডের ভবিষ্যতে বিনিয়োগ</u>**

আজকে ঘোষিত 10 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল অনুদানটি লং আইল্যান্ডের জন্য ঐতিহাসিক উদ্যোগসমূহ ও বিনিয়োগসমূহের সম্পূরক:

- 157 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ – এখন পর্যন্ত 300 লেন মাইল স্টেট হাইওয়ে রিপেভ করার জন্য।
- 457 মিলিয়ন মার্কিন ডলারের বেশি স্কুল সহায়তার জন্য - 2022 অর্থবছরের তুলনায় 12.7 শতাংশ বেশি।
- 63 মিলিয়ন মার্কিন ডলার আসক্তি চিকিৎসা, নিরাময় ও প্রতিরোধ সেবার জন্য।
- বাড়ির মালিকদের কর রিবেট ক্রেডিট (Tax Rebate Credit), যা 494,000 জন লং আইল্যান্ডের বাড়ির মালিকদের জন্য গড়ে 1,300 মার্কিন ডলার ভাতার সমান।
- 500 মিলিয়ন মার্কিন ডলার অফশোর বায়ু অবকাঠামো ও সরবরাহ চেইন গঠনের জন্য - যা পরিণামে 2,000 সবুজ কর্মসংস্থান তৈরি করবে।

- লং আইল্যান্ড রেল রোডের (Long Island Rail Road, LIRR) ঐতিহাসিক থার্ড ট্র্যাক প্রকল্প শেষ করা, যা ট্রেনগুলিকে আরো ঘনঘন চলতে এবং LIRR যাত্রীদের জন্য আরো মসৃণ যাত্রা তৈরি করতে দিবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418